গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
www.brahmanpara.comilla.gov.bd

স্মারক নং-০৫.২০.১৯১৫.০০০.০৭.০১৮.২৩- ৬২(১০০) তারিখ: .০৬.২০২৩খ্রি.

## পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৩ খ্রি.উপলক্ষে অস্থায়ী গরু-ছাগলের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২৩ উপলক্ষে গরু-ছাগলের হাট-বাজার হিসেবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত সময়সূচী ও শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।অফিস চলাকালীন সময়(সকাল ৯টা হতে বিকাল ৪টা পর্যন্ত) জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা (স্থানীয় সরকার শাখা)/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ব্রাহ্মণপাড়া ও উপজেলা ভূমি অফিস ব্রাহ্মণপাড়া, কুমিল্লা থেকে দরপত্র ক্রয় ও জমা দেয়া যাবে। ১ম পর্যায়ে কাঙ্খিত দর না পাওয়া গেলে ২য় পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে। উল্লেখ্য দরপত্রের শর্তাবলী দরপত্রের সাথে সরবরাহ করা হবে।

### হাট বাজারের তালিকা

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি মূল্য (ধর্তব্য মূল্য) | দরপত্রের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | কান্দুঘর বাজার সংলগ্ন খালি যায়গা | মাধবপুর | ৬৫৭২ | ৫০০/- |
| ২ | শিদলাই সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন | শিদলাই | ৯৭,১৬৫ | ৫০০/- |
| ৩ | চান্দলা ধলগ্রাম ডা. নুরুল হকের বালুর মাঠ | চান্দলা | ৯০,৪৮৮ | ৫০০/- |
| ৪ | সেনের বাজার | শশীদল | ৯৭১৬ | ৫০০/- |
| ৫ | নাগাইশ বাজার | ঐ | ৪১৮৮ | ৫০০/- |
| ৬ | হরিমঙ্গল বাজার | ঐ | ৪৪৯৯ | ৫০০/- |
| ৭ | দেউষ মার্কেট | ঐ | ১৬,৮১৮ | ৫০০/- |
| ৮ | দুলালপুর বাজার | দুলালপুর | ৪৭,৪৫২ | ৫০০/- |
| ৯ | গোপালনগর কুড়েরপাড় সিদ্দিক মেম্বার বাড়ী সংলগ্ন | ঐ | ৬১৮৩ | ৫০০/- |
| ১০ | ব্রাহ্মণপাড়া ওশান হাই স্কুলের সামনের খালি যায়গা | ব্রাহ্মণপাড় | ৫৫,৬৫০ | ৫০০/- |
| ১১ | ধান্যদৌল বাজার সংলগ্ন | ঐ | ১,৮৫,৩৬৩ | ১০০০/- |
| ১২ | জিরুইন বটতলী বাজার | সাহেবাবাদ | ৫৯,৩৭৮ | ৫০০/- |
| ১৩ | টাকই কেন্দ্রিয় জামে মসজিদ সংলগ্ন আড়ং | ঐ | ২৫৩৪ | ৫০০/- |
| ১৪ | রামনগর বাজার | মালাপাড়া | ৮১,০৯০ | ৫০০/- |
| ১৫ | আছাদনগর কলেজ গেইট | ঐ | ২২৩৭ | ৫০০/- |
| ১৬ | মনোহরপুর চৌমুহনী পুকুর পাড় | ঐ | ১৬,৭২৯ | ৫০০/- |
| ১৭. | অলুয়া দক্ষিপাড়া | ঐ | ৭২৪২/- | ৫০০/- |

### দরপত্র দাখিলের সময়সূচী:

| পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৯.০৬.২০২৩খ্রি.<br>বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২০.০৬.২০২৩<br>বেলা : ২.০০ | ২০.০৬.২০২৩খ্রি.<br>বিকাল ৩.০০ মি. |
| ২য় পর্যায় | ২৬.০৬.২০২৩খ্রি.<br>বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২৭.০৬.২০২৩ খ্রি.<br>বেলা : ২.০০ | ২৭.০৬.২০২৩ খ্রি.<br>বিকাল ৩.০০ মি. |

সোহেল রানা
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
☏০২৩৩৪৪০৯৬০১
unobrahmanpara@mopa.gov.bd

## শর্তাবলী :

১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ব্রাহ্মণপাড়া, উপজেলা ভূমি অফিস, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ও জেলা প্রশাসকের কার্যালয়(স্থানীয় সরকার শাখা/ এস এ শাখা) হতে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত) নির্ধারিত মূল্যে দরপত্র ক্রয় করা যাবে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ব্রাহ্মণপাড়া ও জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর স্থানীয় সরকার শাখায় জমা দেয়া যাবে।

২) কেবলমাত্র সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা প্রদান করা হইবে। কোন বাজারের একটি মাত্র দরপত্র পাওয়া গেলে প্রস্তাবিত ইজারা মূল্য যদি সরকারি মূল্য অপেক্ষা বেশী ও সন্তোষজনক হয় সে ক্ষেত্রে একক দরপত্রের ভিত্তিতে ইজারা প্রদান করা হইবে।

৩) ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর দিতে হবে। দাখিলকৃত ইজারামূল্য এবং ভ্যাট ও আয়করের অংশ এক সাথে যে কোন তফসীলী ব্যাংক হতে একটি ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লার বরাবর দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হইবে।

৪) সিডিউল ক্রয়ের সময় বাজারের জামানত বাবদ =১০০০/-(এক হাজার) টাকা হারে জমা প্রদান করতে হবে।

৫) খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৬) ইজারাকৃত হাট-বাজারে কোন ক্রমেই মাটি কেটে কিংবা অন্য কোন ভাবে হাট-বাজারের স্বাভাবিক প্রকৃতি বিনষ্ট করা যাইবে না।

৭) সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। টোল চার্ট প্রকাশ্য স্থানে স্থাপন করে টোল আদায় করিতে হইবে।

৮) প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯) কোরবানি পশুর হাটের ইজারাগ্রহণকারী কর্তৃপক্ষ পশু চিকিৎসক/ ভেটেরিনারী মেডিকেল টিমকে তাদের কার্যক্রমে সহযোগিতা করতে হইবে।

১০) ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাবলীজ দিতে পারিবেন না।

১১) দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২) ইজারাকৃত অস্থায়ী হাট-বাজার/স্থানসমূহ ইজারাদার নিজ দায়িত্বে ও খরচে যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করিতে হইবে।

১৩) কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৪) নির্দিষ্ট স্থান ব্যতীত কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা ব্যবস্থা ব্যাহত করে হাট-বাজার বসানো যাইবে না। কারো ব্যক্তিগত সম্পত্তিতে হাট বসাতে হলে সংশ্লিষ্ট ব্যক্তির লিখিত অনুমতি দাখিল করিতে হইবে। তাছাড়া জনগণ ও যানবাহন চলাচল বিঘ্নিত করে কোন রাস্তায় সড়ক/মহাসড়কে বাজার বসানো যাইবে না।

১৫) দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্র মূল্যায়ন ও ইজারা সংক্রান্ত সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

১৬) কোরবানির পশুর হাট ব্যবস্থাপনা এবং পশু কোরবানীকালীন স্বাস্থ্য বিভাগ প্রণীত গাইড লাইন যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।

১৭) কোরবানির হাটে ক্রেতা-বিক্রেতার একমুখী চলাচল থাকতে হবে। অর্থাৎ প্রবেশপথ এবং বহির্গমনের পথ পৃথক হতে হবে। পাশাপাশি স্বাস্থ্যবিধি অনুসরণ করে তা নিশ্চিত করতে হবে। ক্রেতা বিক্রেতা প্রত্যেকের হাটের প্রবেশ মুখে তাপমাত্রা মাপার যন্ত্র এবং হাত ধোয়ার জন্য পর্যাপ্ত বেসিন, পানি, জীবানুনাশক সাবান থাকতে হবে।

১৮) কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করতে পারিবেন।


সোহেল রানা
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
☏০২৩৩৪৪০৯৬০১
unobrahmanpara@mopa.gov.bd


স্মারক নং-০৫.২০.১৯১৫.০০০.০৭.০১৮.২৩-৬৫৬(১০০) তারিখ: .০৬.২০২৩খ্রি.

অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা
০৩। সহকারী কমিশনার(ভূমি), ব্রাহ্মণপাড়া, কুমিল্লা
০৪। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
০৫। অফিসার ইনচার্জ, ব্রাহ্মণপাড়া থানা।
— সদয় অবগতির জন্য।

০৬। উপজেলা -----------------------------------কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
০৭। চেয়ারম্যান, ........................................... ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ----------------------ইউনিয়ন ভূমি অফিস, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা
০৯। অফিস নথি।
— অবগতি ও কার্যার্থে।


সোহেল রানা
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
☏০২৩৩৪৪০৯৬০১
unobrahmanpara@mopa.gov.bd